# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ প্রভুর নিকটে ক্ষমা, দয়া, হেদায়েত ও রিযিক প্রার্থনা করার জন্য নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِسُؤَالِ الْعَبْدِ رَبَّهُ جَلَّ وَعَلَا الْمَغْفِرَةَ وَالرَّحْمَةَ وَالْهِدَايَةَ وَالرِّزْقَ

আরবী

942 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِسْمَاعِيلَ الطَّالَقَانِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ وَيَعْلَى بْنُ عُبَيْدٍ قَالَا: حَدَّثَنَا مُوسَى الْجُهَنِيُّ عَنْ مُصْعَبِ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَنْ أَبِيهِ قَالَ: جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ عَلِّمْنِي كَلَامًا أَقُولُهُ قَالَ: (قُلْ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ اللَّهُ أَكْبَرُ كَبِيرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَسُبْحَانَ اللَّهِ رَبِّ الْعَالَمِينَ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ الْعَزِيزِ الْحَكِيمِ) قَالَ: هَؤُلَاءِ لِرَبِّي فَمَا لِي؟ قَالَ:
(قُلِ: اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَاهْدِنِي وَارْزُقْنِي)
الراوي : سَعْد بْن أَبِي وَقَّاصٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 942 | خلاصة حكم المحدث:. صحيح ـ
قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: كُلُّ مَا فِي هَذِهِ الْأَخْبَارِ: ((اللَّهُمَّ اهْدِنِي ... )) , ((اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْهُدَى)) وَمَا يُشْبِهُهَا مِنَ الْأَلْفَاظِ إِنَّمَا أُرِيد بِهَا الثَّبَاتُ عَلَى الْهُدَى وَالزِّيَادَةُ فِيهِ إِذْ مُحَالٌ أَنْ يُؤْمِنَ الْمُؤْمِنُ بِسُؤَالِ الزِّيَادَةِ وَقَدْ هَدَاهُ اللَّهُ قَبْلَ ذَلِكَ.

বাংলা

৯৪২. সা‘দ বিন আবী ওয়াক্কাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে কিছু বাক্য শিক্ষা দিন, যা আমি বলবো।” জবাবে তিনি বলেন, “তুমি বলো, لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ اللَّهُ أَكْبَرُ كَبِيرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَسُبْحَانَ اللَّهِ رَبِّ الْعَالَمِينَ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ الْعَزِيزِ الْحَكِيمِ (আল্লাহ

ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, তিনি এক, তার কোন শরীক নেই, আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহর জন্য প্রভূত প্রশংসা, জগৎসমূহের প্রতিপালক আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি, মন্দ কাজ থেকে বিরত থাকার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া, আর ভাল কাজ করারও কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া, তিনি সুউচ্চ, সুমহান, পরাক্রমশালী ও প্রজ্ঞাময়।)”

তখন বেদুঈন বলেন, “এগুলি তো আমার প্রতিপালকের জন্য, আমার জন্য কী?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি বলো, اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَاهْدِنِي وَارْزُقْنِي (হে আল্লাহ, আপনি আমাকে ক্ষমা করে দিন, আমার প্রতি দয়া করুন, আমাকে হেদায়েত দান করুন এবং রিযিক দান করুন।)”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ, “এই সব হাদীসে اللَّهُمَّ اهْدِنِي ... (হে আল্লাহ, আমাকে হেদায়েত দিন), اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْهُدَى (হে আল্লাহ, আমি আপনার কাছে হেদায়েত চাচ্ছি) এবং এই জাতীয় শব্দগুলো দ্বারা উদ্দেশ্য হলো হেদায়েতের উপর অটল থাকা, হেদায়েত বৃদ্ধি প্রভৃতি। কেননা এটা অসম্ভব যে, কোন মু'মিন ব্যক্তি হেদায়েত চাওয়ার মাধ্যমে ঈমান আনবে, অথচ আল্লাহ তাকে ইতিপূর্বেই হেদায়েত দান করেছেন।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১৮৫; সহীহ মুসলিম: ২৬৯৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল কালিমুত তয়্যিব: ১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89447

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন